# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd


**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১**

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৪০

তারিখ: ১৯ নভেম্বর ২০২৬ / ০৪ অগ্রহায়ণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ৬০,০০০ (ষাট হাজার) কোটি টাকার প্রণোদনা স্কিমসমূহের যথাযথ বাস্তবায়ন প্রসঙ্গে**

দেশে প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টিসহ অর্থনৈতিক কর্মকান্ড পুনরুদ্ধার, শ্রমিক কর্মচারীদের কাজে বহাল এবং উদ্যোক্তাগণের প্রতিযোগিতার সক্ষমতা বজায় রাখা ও প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণের উদ্দেশ্যে শিল্প ও সেবা, সিএমএসএমই ও কৃষিভিত্তিক খাতসহ কর্মসংস্থান সৃষ্টিকারী খাতের জন্য অর্থনৈতিক পুনরুদ্ধার কার্যক্রমের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৬০,০০০ (ষাট হাজার) কোটি টাকা'র ১৫টি স্কিম (সংযোজনী 'ক' দ্রষ্টব্য) চালু করা হয়েছে। এক্ষণে, উক্ত স্কিমসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকল্পে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, কোনো ঋণগ্রহীতা কর্তৃক দায়েরকৃত মামলা/রিটের প্রেক্ষিতে মহামান্য আদালত কর্তৃক স্থগিতাদেশ (Stay order) প্রদান করা হলে উক্ত ঋণগ্রহীতাগণ সংযোজনী 'ক' এ উল্লেখিত স্কিমসমূহের আওতায় ঋণ প্রাপ্তির জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন। এতদ্ব্যতীত, অন্যান্য ক্ষেত্রে ২৯ জুলাই ২০২৬ তারিখে জারিকৃত বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৫ এ বর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে।

২। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোন: ৯৫৩০২৫২

সংযোজনী 'ক'

| ক্রম | স্কিমের নাম | জারিকৃত সার্কুলার/পত্র |
|---|---|---|
| ১। | বন্ধ শিল্প ও সেবা খাত সহায়ক পুনঃঅর্থায়ন স্কিম | বিআরপিডি-১ সার্কুলার নং-১৩<br>তারিখ: ০৪ জুন ২০২৬ |
| ২। | সিএমএসএমই খাতে চলতি মূলধন পুনঃঅর্থায়ন তহবিল | এসএমইএসপিডি সার্কুলার নং-০৪<br>তারিখ: ০৮ জুন ২০২৬ |
| ৩। | দেশের উত্তরবঙ্গে কৃষিভিত্তিক বিশেষ অর্থনৈতিক কেন্দ্র সৃষ্টির লক্ষ্যে ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল | এসিডি-১ সার্কুলার নং-০২<br>তারিখ: ০৬ জুলাই ২০২৬ |
| ৪। | দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে কৃষি উৎপাদন বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষি ও পল্লী খাতের জন্য পুনঃঅর্থায়ন স্কিম | এসিডি সার্কুলার নং-০১<br>তারিখ: ০৮ জুন ২০২৬ |
| ৫। | রপ্তানি বহুমুখীকরণ খাতে পুনঃঅর্থায়ন স্কিম | এসএফডি সার্কুলার নং-০২<br>তারিখ: ০৭ জুন ২০২৬ |
| ৬। | প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতের জন্য পুনঃঅর্থায়ন স্কিম | বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১২<br>তারিখ: ০৯ এপ্রিল ২০২৬ |
| ৭। | কটেজ ও মাইক্রো খাতের উদ্যোক্তা সৃষ্টির জন্য বিশেষ স্কিম | পিকেএসএফ এর মাধ্যমে বিতরণ |
| ৮। | বৈদেশিক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গঠিত প্রাক-অর্থায়ন স্কিম | প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে বিতরণ |
| ৯। | বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গঠিত প্রাক-অর্থায়ন স্কিম | কর্মসংস্থান ব্যাংকের মাধ্যমে বিতরণ |
| ১০। | গ্রামীণ অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের জন্য গঠিত প্রাক-অর্থায়ন স্কিম | আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে বিতরণ |
| ১১। | গ্রিন ফ্যাক্টরি বিল্ডিং এবং গ্রিন ইন্ডাস্ট্রি খাতে পুনঃঅর্থায়ন স্কিম | এসএফডি সার্কুলার নং-০৩<br>তারিখ: ০৮ জুন ২০২৬ |
| ১২। | সৃজনশীল অর্থনীতির (Creative Economy) জন্য গঠিত স্কিম | বাংলাদেশ ব্যাংকের সিএসআর ফান্ড হতে |
| ১৩। | স্টার্ট আপ খাতে অর্থায়নের নিমিত্ত গঠিত স্কিম | এসএমইএসপিডি সার্কুলার নং-০২<br>তারিখ: ০৯ জুলাই ২০২৫ |
| ১৪। | চামড়া ও চামড়াজাত শিল্পের বিকাশ এবং উন্নয়নের লক্ষ্যে প্রাক-অর্থায়ন স্কিম | বিআরপিডি-১ সার্কুলার নং-১৫<br>তারিখ: ৩০ জুলাই ২০২৬ |
| ১৫। | রপ্তানিমুখী হিমায়িত খাদ্য খাতে অর্থায়নের লক্ষ্যে প্রাক-অর্থায়ন তহবিল | বিআরপিডি-১ সার্কুলার নং-১৬<br>তারিখ: ৩০ আগস্ট ২০২৬ |